# সংসদ নির্বাচন ও গণভোটের ফল একসঙ্গে জানাবে ইসি



সংগৃহীত ছবি

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটের ফলাফল একই সময়ে প্রকাশের সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন। এ তথ্য জানিয়েছেন ইসির সিনিয়র সচিব আখতার আহমেদ।

সোমবার (২৬ জানুয়ারি) দুপুরে নির্বাচন কমিশন কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ সিদ্ধান্তের কথা তুলে ধরেন।

তিনি বলেন, ভোটগ্রহণ প্রক্রিয়া শেষ হওয়ার পর নির্ধারিত বিধি মেনে ফল সংগ্রহ ও সমন্বয় করা হবে, যাতে সংসদ নির্বাচন ও গণভোট—দুইয়ের ফল একযোগে ঘোষণা করা যায়।

এতে ফল প্রকাশের প্রক্রিয়ায় সমন্বয় ও স্বচ্ছতা নিশ্চিত হবে বলে কমিশন আশা করছে।

বিস্তারিত আসছে...

LENS ASIA